GOOGLE AI PLUS · STUDENT OFFER · BANGLADESH

Student হলে Google AI Plus এক বছর ফ্রি, ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত

মাসে ৳৬00 এর plan, বারো মাস ৳0। তারপর নিজে থেকেই ৳৬00 কাটবে, তাই claim করার দিনই reminder দিয়ে রাখুন।

01 দুইটা offer

Google AI Plus

৳0 ১২ মাস

তারপর ৳600 প্রতি মাসে। 400 GB storage (Gmail, Drive, Photos মিলিয়ে), Gemini আর Gemini Notebook এ বেশি limit, Gemini Omni Flash আর Nano Banana দিয়ে ছবি ও video বানানো।

Google AI Pro

৳600 প্রতি মাসে, ৪ বছর পর্যন্ত

সাধারণ দাম ৳2,500, student দের জন্য 76% কম। 5 TB storage, আরও বেশি limit, Nano Banana Pro, আর Antigravity ও Jules এর মতো coding tool।

AI Plus এ Pro model নেই, ওটা শুধু AI Pro আর Ultra তে।

02 কারা পাবেন

1. বয়স ১৮ বা বেশি, college বা university তে পড়ছেন।
2. ২০২৫ এ AI Pro এর free trial নিয়ে থাকলে আর সেটা শেষ হয়ে গেলে, আবার নিতে পারবেন।
3. Redeem করতে হবে **৩১ ডিসেম্বর ২০২৬ এর আগে**। প্রতি বছর আবার student কিনা verify করতে হয়।

03 ধাপ

1. `gemini.google/students` এ গিয়ে **ফ্রিতে স্টুডেন্ট প্ল্যান দাবি করুন** এ click করুন।
2. Google AI Plus এর নিচে **Get student offer**, তারপর **Continue**।
3. SheerID এর page খুলবে। Google এর হয়ে এরাই check করে আপনি student কিনা।
4. **Country**: Bangladesh। **Educational institution**: আপনার university।
5. নাম লিখবেন **হুবহু**, university র কাগজে যেমন আছে। Form এই কথাই বলে: "Enter your name exactly as it appears on your official educational institution records."
6. জন্মতারিখ আর email দিয়ে **Verify My Student Status**।
7. Verify হলে payment method add করুন। আমি Visa card দিয়ে করেছি। প্রথম charge বারো মাস পরে।

SheerID কাগজ চাইলে: student ID (মেয়াদসহ), class schedule বা fee এর রসিদ, যেখানে আপনার নাম আর প্রতিষ্ঠানের নাম পড়া যায়। ঝাপসা ছবি, কাটা ছবি বা পুরনো ID তে আটকে যায়। (সূত্র: Programming Hero, ২১ আগস্ট ২০২৬। নিজে যাচাই করা হয়নি।)

04 ৳600 কাটা থেকে বাঁচতে

1. Play Store এর Subscriptions খুলুন। সরাসরি link: `play.google.com/store/account/subscriptions`
2. **Next payment** এর পাশে যে তারিখ, সেটা ফোনের calendar এ লিখে রাখুন, এক সপ্তাহ আগে reminder দিয়ে।
3. Trial শেষ হওয়ার আগে Google email দেয়। শেষ দিনের আগে **Cancel subscription** করলে টাকা কাটবে না।
4. **Claim করেই cancel করবেন না।** Google One এর help page বলে, membership শেষ করলে extra সুবিধাগুলো চলে যায়। মাঝপথে cancel করলে বাকি মাস থাকে কিনা, Google কোথাও সরাসরি বলেনি।

05 সূত্র (সব ৩ নভেম্বর ২০২৬ এ দেখা)

- Google, Gemini for students (বাংলাদেশ): gemini.google/students
- Google, Gemini subscriptions (বাংলাদেশ): gemini.google/subscriptions
- Google One, University student exclusive offers: student offer page, নিজের account থেকে দেখা
- Google One Help, Learn about Google One trials: support.google.com/googleone/answer/9155746
- Google Play Help, Subscribe to services or content: support.google.com/googleplay/answer/2476088
- Programming Hero, Gemini AI Plus Free for Students in Bangladesh, ২১ আগস্ট ২০২৬: learn.programming-hero.com/gemini-ai-plus-free-for-students/